# এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ

## এম.এ. বাংলা

## ১ এম.এ. বাংলা প্রোগ্রামের লক্ষ্য ও উদ্দেশ্য (OBJECTIVE)

১৯৯৬ সালে এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ যে কয়টি বিভাগ নিয়ে যাত্রা শুরু করেছিল অন্যতম তার একটি বাংলা বিভাগ । স্নাতক ও স্নাতকোত্তর দু'টি পর্যায়ে একই সাথে ডিগ্রী প্রদান করা হয় বিভাগটিতে। অত্যন্ত প্রতিযোগিতামূলক বর্তমান বিশ্বে বাজার চাহিদামূলক বিভিন্ন বিষয়ের মাঝে এই বিভাগের শিক্ষার্থীদের বাংলাভাষা ও সাহিত্যের প্রতি অনুরাগী করে গড়ে তোলা এবং কর্মক্ষেত্রে সফলভাবে নিজেদের প্রতিষ্ঠিত করে তোলা এই বিভাগের অন্যতম লক্ষ্য ও উদ্দেশ্য।

মানসম্মত শিক্ষা প্রদানের মাধ্যমে এম.এ. বাংলা ডিগ্রীধারীদের পেশাগতভাবে দক্ষ, নৈতিকভাবে ন্যায়পরায়ণ এবং সামাজিকভাবে দায়িত্ববান করে তোলা, মানব সম্পদ উন্নয়নে উৎসাহিত করা এবং জাতীয় এবং বৈশ্বিক প্রয়োজনে বিজ্ঞান, প্রোকৌশল, বাণিজ্য, মানবিক ও অন্যান্য ক্ষেত্রে ভূমিকা এবং নেতৃত্ব দানের গুণ বিনির্মাণ করা, জ্ঞানের ক্ষেত্রে সমৃদ্ধি ও শ্রেষ্ঠত্ব অর্জনের জন্য ব্যবহারিক জ্ঞানের সাথে বাস্তবশিক্ষা, গবেষণা, আবিষ্কারের সংযুক্ততা আনয়ন করা এই বিভাগের লক্ষ্য।

এম.এ. বাংলা প্রোগ্রামের উদ্দেশ্য হলো শিক্ষার্থীদের বাংলা সাহিত্য সম্পর্কে জানানো এবং গবেষণা ভিত্তিক শিক্ষা প্রদানের মাধ্যমে একটা সুন্দর পরিবেশ সৃষ্টি করা যেটা ছাত্রছাত্রীদের শিখতে হবে এবং তাদের জটিল ভাবনাগুলোকে উন্নত করবে ও তাদেরকে স্বাধীন ও মুক্তভাবনার অধিকারী করে তুলবে।

এই বিভাগটি শিক্ষা, গবেষণা, সৃজনশীলতা, উদ্ভাবনী শক্তি ইত্যাদির মাধ্যমে শিক্ষার্থীদের নবচেতনায় উদ্বুদ্ধ করে। কর্মক্ষেত্রে তাদের যোগ্য করে তোলে। এবং এর মধ্য দিয়ে একটি পরিবর্তনমূলক সমাজ কাঠামো নির্ণয়ের প্রত্যয় পোষণ করে যা দেশ ও জাতির উন্নতি ও কল্যাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

গুণগতমানের শিক্ষাদান করতে সবচেয়ে কার্যকরি ব্যবস্থার মাধ্যমে স্নাতকধারীদের পেশাগতভাবে দক্ষ, নৈতিকভাবে ন্যায়পরায়ণ এবং সামাজিকভাবে দায়িত্ববান করে তোলা।

বিশ্ববিদ্যালয়ের সাহিত্য বিষয়ক একমাত্র মুখপত্র এইউবি সাহিত্য পত্রিকা নিয়মিত প্রকাশিত হয় বাংলা বিভাগ থেকে। এই পত্রিকাটি পুরো বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ভেতরে পড়াশুনার পাশাপাশি সৃষ্টিশীল ও সৃজনশীল মন ও মনন জাগ্রত করার লক্ষ্যে প্রতিশ্রুতিবদ্ধ হয়ে প্রকাশ হয়ে থাকে।

কর্মক্ষেত্রে সফলতার স্বাক্ষর রাখার জন্য প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি নানারকম সহ-শিক্ষা কার্যক্রম নিয়মিত পালন করা হয় এই বিভাগে। যার মধ্যে রয়েছে সেমিনার, দেয়ালপত্রিকা প্রকাশ, সাহিত্য পত্রিকা প্রকাশ, সাহিত্য জগতের পথিকৃত ব্যক্তিদের উপর আলোচনা অনুষ্ঠান, তাঁদের জন্ম ও মৃত্যু দিবস পালন, নবীনবরণ, বিদায় অনুষ্ঠান, সাহিত্যের নানা ক্ষেত্রে অবদান রাখা শিক্ষার্থীদের সম্মাননা প্রদান, শিক্ষাসফর ইত্যাদি।

## ২ বাংলায়  এম. এ প্রোগ্রামের জন্য প্রয়োজন (ENTRY REQUIREMENTS)

বাংলায়  স্নাতক সম্মান প্রোগ্রামে ভর্তির জন্য একজন শিক্ষার্থীর সর্বনিম্ন যোগ্যতাঃ এসএসসি CGPA 2.5; এইচএসসি CGPA 2.5 **অথবা সমমানের পাবলিক পরীক্ষায় সমমানের যোগ্যতা সম্পন্ন ।**

## ৩. ভর্তির যোগ্যতা ( ADMISSION REQUIREMENTS)

বাংলায়  এম. এ প্রোগ্রামে ভর্তির জন্য একজন শিক্ষার্থীর সর্বনিম্ন যোগ্যতাঃ

(ক) এসএসসি CGPA 2.5
(খ) এইচএসসি CGPA 2.5
(গ) স্নাতক ও সম্মান CGPA 2.5

**অথবা সমমানের পাবলিক পরীক্ষায় সমমানের যোগ্যতা সম্পন্ন ।**

## ৪. বাংলায়  এম. এ ডিগ্রী অর্জনের প্রয়োজন (GRADUATION REQUIREMENTS)

দুই বছরে সম্পন্ন হবে এম.এ. বাংলা কোর্স। এ ক্ষেত্রে রেজিস্ট্রেশনের মেয়াদকাল চার বছর। ভর্তির পর থেকে এ সময়ের মধ্যে শিক্ষার্থীগণ কোর্স সম্পন্ন করতে পারবেন। প্রতি ছয়মাসে একটি সেমিস্টার গণনা করা হবে। সেই হিসেবে বছরে দুইটি সেমিস্টারে শিক্ষার্থী ভর্তি হবে। দুই বছরে মোট চারটি সেমিস্টার।

(১) স্প্রিং সেমিস্টার (জানুয়ারি-জুন), (২) সামার সেমিস্টার (জুলাই- ডিসেম্বর)

A, B, C, D **এই** গ্রুপেচারটি গ্রুপে বিভক্ত এম এ ডিগ্রীর কোর্স সমূহ। গ্রুপগুলোর ক্রেডিট নিম্নরূপ।

**গ্রুপ A**- যারা এইউবি থেকে বাংলায় বি.এ (অনার্স) পাস করেছেন তাদের জন্য। A  গ্রুপের জন্য ৪২ ক্রেডিট ।

**গ্রুপ B** - যারা এইউবি ছাড়া অন্য বিশ্ববিদ্যালয় থেকে বাংলায় বি.এ (অনার্স) ও প্রিলিমিনারি পাস করেছেন তাদের জন্য। B গ্রুপের জন্য ৪২ ক্রেডিট।

**গ্রুপ C** - যারা ডিগ্রী পর্যায়ে বাংলা বিষয়ে ৩০০ নম্বরের কোর্স সম্পন্ন করেছেন তাদের জন্য। গ্রুপ C গ্রুপের জন্য 54 ক্রেডিট।

**গ্রুপ D** - যারা ডিগ্রী পর্যায়ে বাংলা বিষয়ে ৩০০ নম্বরের কম কোর্স সম্পন্ন করেছেন তাদের জন্য।  D গ্রুপের জন্য ৬৬ ক্রেডিট।

ঘ. প্রতি সেমিস্টারে সর্বমোট ক্লাসঃ প্রতি ছয়মাসে একটি সেমিস্টার গণনা করা হবে।  **প্রতি** সেমিস্টারে ১৪ সপ্তাহ ক্লাস অনুষ্ঠিত হবে।

ঙ. এম.এ. বাংলা ডিগ্রীর অর্জনের জন্য সর্বনিম্ন CGPA:  সার্টিফিকেট প্রাপ্তির জন্য প্রতিটি কোর্সে সর্বনিম্ন CGPA 2.25 থাকতে হবে।

**এম এ ডিগ্রীর অর্জনের জন্য সর্বোচ্চ সময়কালঃ**  এম এ ডিগ্রীর ক্ষেত্রে রেজিস্ট্রেশনের মেয়াদকাল চার বছর।

I গ্রেড D গ্রেড এবং F গ্রেড  গ্রেড অর্জনকারীদের অবশ্যই পুনঃপরীক্ষার মাধ্যমে উত্তীর্ণ হতে হবে। C গ্রেড অর্জনকারীগণও পুনঃপরীক্ষার মাধ্যমে মানোন্নয়নের সুযোগ পাবেন। উল্লেখ্য, এক্ষেত্রে এ সুযোগ রেজিস্ট্রেশনের মেয়াদকালের মধ্যে সীমাবদ্ধ।

### ৫. ভর্তির যোগ্যতা ( WORKLOAD)

একজন শিক্ষার্থী **প্রতি** সেমিস্টারে সর্বমোট ২৭ ক্রেডিট রেজিস্ট্রেশন করতে পারবে।

### 6. কোর্সের বিভাজন (DISTRIBUTION OF COURSES)

A B C D Group

মূল কোর্স **১**৬ টি

0231-1001- বাংলা ভাষা ও সাহিত্য
0231- 1209- বাংলা লোকসাহিত্য
0231—4731- বাংলা**ব্যাকরণ**
0231- 4732-ত্রিশোত্তর সাহিত্য-১
0231- 4733-ত্রিশোত্তর সাহিত্য-২
0231-4742 -সাহিত্য গবেষণা, তত্ত্ব ও প্রয়োগ
0231- 5101- আধুনিক কবিতা-১
0231- 5102-আধুনিক কবিতা- ২
0231- 5206- আধুনিক গদ্য-২
0231- 5208- বাংলাদেশের সাহিত্য (১৯৭১ সাল থেকে বর্তমান)
0231- 5309- রবীন্দ্রনাথ ঠাকুরের সাহিত্যকর্ম
0231- 5310-বাংলা ভাষার ইতিহাস
0231- 5314-নজরুলের সাহিত্য
0231-5315- বাংলাদেশের ছোটগল্প - ২
0231-5402- মুক্তিযুদ্ধের সাহিত্য - ২
0231-5403- সমালোচনা সাহিত্য

**গ. ঐচ্ছিক ( যে কোন ২** টি কোর্স )

0231-5103- আধুনিক কবিতা-৩
0231- 5104-আধুনিক কবিতা-৪
0231-5316- বাংলাদেশের উপন্যাস - ১
0231-5317- বাংলাদেশের উপন্যাস - ২
0312- 1208-Comparative Political System

### ঘ. গবেষণা **কোর্স :**

1. 0231-5401- গবেষণা (১টি = ৬ক্রেডিট)

**Courses Objectives:** Program: ma in Bangla

কোর্স কোড : 0231-1001

কোর্স শিরোনাম : বাংলা ভাষা ও সাহিত্য

কোর্সটি পাঠের উদ্দেশ্য :

বাংলা ভাষা ও সাহিত্যের উদ্ভব ও ক্রমবিকাশ, ক্রমবিবর্তন, পরিবর্তন, আধুনিকায়ন, উত্তরাধুনিকায়ন ইত্যাদি সম্পর্কে একটি ধারাবাহিক এবং সুস্পষ্ট ধারণা প্রদানের চেষ্টা করা হয়েছে এ কোর্সটিতে । এছাড়া বাংলা ভাষা ও সাহিত্যের উপর্যুক্ত ইতিহাস তুলে ধরার প্রয়াসে বাংলা ভাষা ও সাহিত্য সম্পর্কেপ্রাচীন ও মধ্যযুগের বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য, বাংলা ভাষার বিবর্তন ও সাম্প্রতিক বৈশিষ্ট্য,বাংলা ভাষায় অন্যান্য ভাষার প্রভাব,প্রাচীনযুগের সাহিত্য, মধ্যযুগের সাহিত্য, আধুনিক যুগের সাহিত্য সম্পর্কে আলোচনা করা হয়েছে।

## কোর্স কোড : 0231- 1209

কোর্স শিরোনাম :বাংলা লোকসাহিত্য

কোর্সটি পাঠের উদ্দেশ্য :

বাংলা সাহিত্যের প্রাচীনতম এবং অন্যতম বিশিষ্ট একটি শাখা লোকসাহিত্য। মূলত লোকসাহিত্য কী, লোকসাহিত্যের উৎপত্তি, বিকাশ সম্পর্কে জ্ঞানার্জন এই কোর্সটির মূল উদ্দেশ্য। এছাড়া, লোকসাহিত্যের মধ্য দিয়ে তৎকালীন গ্রামবাংলার সামাজিক অবস্থা সম্পর্কে জ্ঞানার্জন এবং বাঙালির প্রচীন ইতিহাস- ঐতিহ্য ও সংস্কৃতি সম্পর্কেও ধারণা লাভ করা যাবে এই কোর্স পাঠের মধ্য দিয়ে।

## কোর্স কোড : 0231-4731

কোর্স শিরোনাম :বাংলা**ব্যাকরণ**

কোর্সটি পাঠের উদ্দেশ্য :

বাংলা**ব্যাকরণ**

ভাষারশুদ্ধতা, ভাষাররীতিনীতিসম্পর্কে জ্ঞানলাভ ও গভীরতানিরূপণেব্যাকরণপাঠঅপরিহার্য। এই কোর্স পাঠেএসবসম্পর্কে জ্ঞানার্জনকরাযাবে।

## কোর্স কোড :0231- 4732

কোর্স শিরোনাম :ত্রিশোত্তর সাহিত্য-১

কোর্সটি পাঠের উদ্দেশ্য :

বিশ শতকের প্রথমার্ধে বাংলা সাহিত্য কবিতায় ও গদ্যে যথেষ্ট সমৃদ্ধি লাভ করে। কবিতার বিষয়, ভাবনা ও বিন্যাসের অভিনবত্বে বিষ্ণু দে, আহসান হাবীব ও সুকান্ত ভট্টাচার্য তাঁদের সময় ও সমাজের প্রতিনিধিত্বশীল কবি। বাংলা গদ্যভাষা ও মুক্তবুদ্ধির বিকাশের ধারায় বেগম সাখাওয়াত হোসেন, এস ওয়জেদ আলী ও কাজী আবদুল ওদুদ বাংলা গদ্যে সমাজ সচেতনতা, স্বদেশপ্রীতি, নির্মোহ বিশ্লেষণী ক্ষমতা ও যুক্তিবাদী মুক্তচিন্তার চর্চায় অনন্য। এ কোর্সটির মাধ্যমে ত্রিশোত্তর বাংলা সাহিত্যের উক্ত তিনজন কবি ও তিনজন প্রাবন্ধিকের সাহিত্যকর্মের পরিচয় জানা যাবে এবং একই সাথে তাঁদের যুগ ও সমাজের সাহিত্যরুচি, সমাজবোধ ও জীবন পদ্ধতি সম্পর্কে অবহিত হওয়া যাবে।

## কোর্স কোড : 0231- 4733

কোর্স শিরোনাম :বাংলাসাহিত্যেরইতিহাস- ১

কোর্সটি পাঠের উদ্দেশ্য :

বিশ শতকের তিরিশের দশকে বাংলাদেশের কথাসাহিত্যে অভিনবত্বের বিস্তার ঘটে। একদিকে বিপ্লব ও রূপান্তরের বিশ্ববোধ অন্যদিকে ঘনঘন জাতীয় আন্দোলনের আলোড়ন। এছাড়া গ্রামীণ ও নগর জীবনের টানা-পড়েন,মধ্যবিত্ত শ্রেণীর বিকাশ আর ফ্রয়েডের মনস্তত্ত্ববাদ এবং মার্কসের দ্বন্দ্বমূলক বস্তুবাদ প্রভৃতি বিষয়ে অভিনব প্রকাশ ঘটেছিল এ সময়কার কথাসাহিত্যে ।অত্র কোর্স পাঠে শিক্ষার্থীরা এসব বিষয়ে স্পষ্ট ধারণা লাভ করতে পারবে।

## কোর্স কোড : 0231-4742

কোর্স শিরোনাম :সাহিত্য গবেষণা, তত্ত্ব ও প্রয়োগ

কোর্সটি পাঠের উদ্দেশ্য :

সাহিত্য সম্পর্কিত গবেষণা সাহিত্য ক্ষেত্রকে অনেক বেশি সমৃদ্ধ করে। আর সাহিত্য গবেষণার ক্ষেত্রে বিভিন্ন তত্ত্ব যেমন-মার্কসবাদ, নারীবাদ, মনঃসমীক্ষণ তত্ত্ব, উত্তর উপনিবেশবাদ ইত্যাদির প্রয়োগ হয়। এ কোর্সটিতে শিক্ষার্থীরা এসব বিষয়ে ধারনা লাভ করতে পারবে।

## কোর্স কোড :0231- 5101

কোর্স শিরোনাম :আধুনিক কবিতা-১

কোর্সটি পাঠের উদ্দেশ্য :

বাংলায় ইংরেজ শাসন ও ইংরেজী ভাষা প্রতিষ্ঠা লাভের পর বাঙালীর মননে ও সংস্কৃতিতে আনে অভাবনীয় পরিবর্তন। সূচিত হয় আধুনিকতার। এর ব্যাপক প্রকাশ ঘটে সাহিত্যে। বিশেষ করে বাংলা কবিতায় ইউরোপীয় জীবনবোধে অনুপ্রাণীত কবিদের রচনায় মানবাশ্রিত ভাবানুভূতি, ভাষার পরিশীলিত ব্যবহার, ছন্দেও পরীক্ষণ, অভিনব আঙ্গিক সংযোজন ও অলংকার ব্যবহারে নতুন কাব্যবোধে উজ্জীবিত নান্দনিকতার প্রতিফলন ঘটে। এই কোর্সে কবি ঈশ্বরগুপ্ত, বিহারীলাল চক্রবর্তী, মাইকেল মধুসূদন দত্ত ও কায়কোবাদের কবিতা অধ্যয়নের মাধ্যমে উনিশ শতকের প্রথমভাগের বাংলা কবিতায় আধুনিকতা ও রূপবৈচিত্রের পরিচয় পাওয় যাবে।

## কোর্স কোড :0231- 5102

কোর্স শিরোনাম :আধুনিক কবিতা- ২

কোর্সটি পাঠের উদ্দেশ্য :

উনিশ শতকের শেষ প্রান্তে এবং বিশ শতকের প্রথমার্ধে এসে বাংলা কবিতা রূপরীতি, ভাব বিষয় এবং ছন্দ অলংকারের বিবেচনায় অনেক দূর অগ্রসর হয় এবং হয়ে উঠে বিচিত্রমুখী। কোন কোন কবির কবিতার ছন্দের নিপূণ ব্যবহার লক্ষ্য করা যায়। কেউ কেউ জীবন সম্পর্কে দুঃখবাদের মত দার্শনিক অভিব্যক্তি সঞ্চার করেন। গ্রামীণ জীবনের অকৃত্রিমতা কারো কারো কাব্যের প্রধান উপজীব্য হয়ে উঠে। কেউ বা স্বজাতি স্বধর্মাবলম্বীদের কল্যাণ সাধনের মাধ্যমে গোটা মানব জাতির সেবার উদ্দেশ্যে কবিতা চর্চা করেন। বাংলা ভাষার এরকম বিভিন্ন দিকের প্রতিনিধিত্বশীল বিশিষ্ট কবিদের কাব্য সম্পর্কে অবহিত হওয়া এ কোর্স অধ্যয়নের উদেশ্য।

## কোর্স কোড : 0231-5103

কোর্স শিরোনাম :আধুনিক কবিতা-৩

কোর্সটি পাঠের উদ্দেশ্য :

: বিংশ শতাব্দীর বাংলা কবিতায় সৃষ্টি হয় নতুন নতুন প্রবণতা। এর মধ্যে ইসলামী মূল্যবোধ ও মুসলিম ঐতিহ্যবাদ এবং ইউরোপীয় প্রভাবাশ্রিত আধুনিকতাবাদ অন্যতম। গোলাম মোস্তফা ওফররুখ আহমদের হাতে বাংলা কবিতায়ইসলামী ঐতিহ্য ও আদর্শবাদ বিশেষভাবে রূপায়িত হয়। অন্যদিকে জীবনানন্দ দাশ ও সুধীন্দ্রনাথ দত্ত পাশ্চাত্য আধুনিকতাবাদে উজ্জীবিত হয়ে বাংলা কবিতাকে পৌঁছে দেন ভিন্ন উচ্চতায়। ইসলামী ঐতিহ্যবোধ ও পাশ্চাত্য আধুনিকতাবাদের ছায়ায় রচিত বাংলা কবিতার সাথে পরিচিত হওয়া এ কোর্স অধ্যয়নের উদ্দেশ্য।

## কোর্স কোড : 0231- 5104

কোর্স শিরোনাম :আধুনিক কবিতা-৪

কোর্সটি পাঠের উদ্দেশ্য :

বিশ শতকের বাংলা কবিতা চর্চায় পূর্ববাংলার বাঙালী মুসলমানের রয়েছে ব্যাপক অংশগ্রহণ। এঁদের মধ্যে কারো কারো সাহিত্য রচনার সূচনা হয় কোলকাতায়। যেমন - বেগম সুফিয়া কামাল ও সৈয়দ আলী আহসান। অন্যদিকে ৪৭ পরবর্তী ঢাকা কেন্দ্রিক সাহিত্য রচনা প্রতিনিধিত্বশীল কবিব্যক্তিত্বের মধ্যে অন্যতম শামসুর রাহমান ও আল মাহমুদ। এঁদের কবিতায় পূর্ববাংলার তথা বাংলাদেশের গ্রাম ও শহুরে জীবনের যে রূপবৈচিত্র ও মনোভাবের বিচিত্র অনুভূতি অভিব্যক্ত হয়েছে তা উদ্‌ঘাটন ও অনুধাবন করা এ কোর্সের উদ্দেশ্য।

## কোর্স কোড :0231- 5206

কোর্স শিরোনাম :আধুনিক গদ্য-২

কোর্সটি পাঠের উদ্দেশ্য :

বাংলা গদ্যকে যাঁরা সুপ্রতিষ্ঠিত করেছেন তাঁদের মধ্যে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় উল্লেখযোগ্য। মীর মশাররফ হোসেন বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের অনুসারী। বাংলা গদ্যে চলিত রীতির প্রবর্তন করে প্রমথ চৌধুরী আধুনিক গদ্যকে নিরীক্ষাপ্রবণ করে তুলেছেন। মুসলিম গদ্যরীতির ধারক আবদুল করিম সাহিত্য বিশারদ বাংলা গদ্যে বিভিন্ন ভাষার সাহিত্য ভাণ্ডারকে মনি-মুক্তার ন্যায় সংগ্রহ করে সমৃদ্ধ করেছেন। এই পাঠক্রমটি বাংলা প্রবন্ধ সাহিত্য সম্পর্কে আমাদের ধারণা দেবে।

## কোর্স কোড :0231- 5208

কোর্স শিরোনাম :বাংলাদেশের সাহিত্য (১৯৭১ সাল থেকে বর্তমান)

কোর্সটি পাঠের উদ্দেশ্য :

১৯৭১ পরবর্তী বাংলা সাহিত্য সাহিত্যের প্রতিটি ধারাতেই বাংলাদেশকেন্দ্রিক জনজীবনকে চিহ্নিত করেছে। এই কোর্সে বর্তমান সময়ের সাহিত্যিকদের মধ্যে উল্লেখযোগ্য ও প্রতিনিধিত্বশীল ঔপন্যাসিক, গল্পকার, নাট্যকার ও প্রবন্ধকারদের গুরুত্বপূর্ণ সাহিত্যকর্ম পাঠ করে বাংলাদেশের সাহিত্য সম্পর্কে পূর্ণাঙ্গ ধারণা পাওয়া সম্ভব হবে।

## কোর্স কোড : 0231- 5309

কোর্স শিরোনাম :রবীন্দ্রনাথ ঠাকুরের সাহিত্যকর্ম

কোর্সটি পাঠের উদ্দেশ্য :

রবীন্দ্রনাথ ঠাকুর কেবল বাংলা সাহিত্যেরই নয় বরং বিশ্ব সাহিত্যের এক অতুলনীয় সাহিত্য ব্যক্তিত্ব। তাঁর সাহিত্যকর্ম বিশ্ব সাহিত্যেরও অমূল্য সম্পদ। বাংলা ভাষায় বাঙ্গালীর জীবনের ভিতর বাহিরকে আশ্রয় করে মূলত তাঁর সাহিত্যে ব্যক্ত হয়েছে দেশ কাল পাত্র নির্বিশেষে মানব অন্তরের নিগুর উপলব্ধি। ভাষার নিপূণ ব্যবহার ও সৌন্দর্যের লক্ষ করা যায় রবীন্দ্র সাহিত্যে। রবীন্দ্রনাথের অমর সাহিত্য কীর্তি অধ্যয়নের মাধ্যমে তাঁর ভুবন বিস্তৃত চিন্তা-দর্শন ও সৌন্দর্যবোধের সাথে পরিচিত হওয়া এ কোর্সের উদ্দেশ্য।

## কোর্স কোড : 0231- 5310

কোর্স শিরোনাম :বাংলা ভাষার ইতিহাস

কোর্সটি পাঠের উদ্দেশ্য :

ভাষা ও বাংলা ভাষা, বাংলা ভাষার উদ্ভব ও ক্রমবিকাশ (সংস্কৃত, পালি, প্রাকৃত, বাংলা, অপভ্রংশ হতে বাংলা ভাষা), বাংলা ভাষার বংশ পীঠিকা, পদক্রম, বুৎপত্তি, ভারতীয় আর্য ভাষার স্তর বিভাগঃ প্রাচীন (বৈদিক-সংস্কৃত), মধ্য (প্রাকৃত) ও নব্য ভারতীয় আর্য ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য। প্রাচীন ও মধ্যযুগের বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য, বাংলা ভাষার বিবর্তন ও সাম্প্রতিক বৈশিষ্ট্য। ব্রজবুলি ভাষা, বাংলার সাথে পালি ভাষার সম্পর্ক। বাংলা ভাষায় অন্যান্য ভাষার প্রভাব। উপভাষা, উপভাষার বৈশিষ্ট্য, বাংলাদেশের উপভাষা সম্পর্কে ধারণা। বাংলা উপভাষাসমূহের শ্রেণীবিন্যাস, আঞ্চলিক ভাষার অভিধান ইত্যাদি।

## কোর্স কোড :0231- 5314

কোর্স শিরোনাম :নজরুলের সাহিত্য

কোর্সটি পাঠের উদ্দেশ্য :

কাজী নজরুল ইসলাম আমাদের জাতীয় কবি। সব্যসাচীর মত তিনি সাহিত্যের সব শাখাতে নিজের প্রতিভার সাক্ষর রেখেছেন। তাঁর কবিতা, উপন্যাস, গল্প কিংবা প্রবন্ধ মূলত পরাধীন মানুষের আর্তনাদ ও প্রতিবাদ প্রতিরোধের দলিল। নাটকে তিনি লোকঐতিহ্যের ব্যবহার করেছেন। মিথকে সংস্কৃতি সংশ্লিষ্ট করে তিনি বাংলা ভাষাকে সমৃদ্ধ করেছেন। এই পাঠক্রমটি কাজী নজরুল ইসলাম সম্পর্কে আমাদের পূর্ণাঙ্গ ধারণা পেতে সাহায্য করবে।

# এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ
# বাংলা স্নাতক সম্মান

## ১. বাংলা স্নাতক সম্মান প্রোগ্রামের লক্ষ্য ও উদ্দেশ্য ( **OBJECTIVE)**

১৯৯৬ সালে এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ যে কয়টি বিভাগ নিয়ে যাত্রা শুরু করেছিল অন্যতম তার একটি বাংলা বিভাগ । স্নাতক ও স্নাতকোত্তর দু'টি পর্যায়ে একই সাথে ডিগ্রী প্রদান করা হয় বিভাগটিতে। অত্যন্ত প্রতিযোগিতামূলক বর্তমান বিশ্বে বাজার চাহিদামূলক বিভিন্ন বিষয়ের মাঝে এই বিভাগের শিক্ষার্থীদের বাংলাভাষা ও সাহিত্যের প্রতি অনুরাগী করে গড়ে তোলা এবং কর্মক্ষেত্রে সফলভাবে নিজেদের প্রতিষ্ঠিত করে তোলা এই বিভাগের অন্যতম লক্ষ্য ও উদ্দেশ্য।

মানসম্মত শিক্ষা প্রদানের মাধ্যমে স্নাতকধারীদের পেশাগতভাবে দক্ষ, নৈতিকভাবে ন্যায়পরায়ণ এবং সামাজিকভাবে দায়িত্ববান করে তোলা, মানব সম্পদ উন্নয়নে উৎসাহিত করা এবং জাতীয় এবং বৈশ্বিক প্রয়োজনে বিজ্ঞান, প্রোকৌশল, বাণিজ্য, মানবিক ও অন্যান্য ক্ষেত্রে ভূমিকা এবং নেতৃত্ব দানের গুণ বিনির্মাণ করা, জ্ঞানের ক্ষেত্রে সমৃদ্ধি ও শ্রেষ্ঠত্ব অর্জনের জন্য ব্যবহারিক জ্ঞানের সাথে বাস্তবশিক্ষা, গবেষণা, আবিষ্কারের সংযুক্ততা আনয়ন করা এই বিভাগের লক্ষ্য।

বাংলা স্নাতক সম্মান প্রোগ্রামের উদ্দেশ্য হলো শিক্ষার্থীদের বাংলা সাহিত্য সম্পর্কে জানানো এবং গবেষণা ভিত্তিক শিক্ষা প্রদানের মাধ্যমে একটা সুন্দর পরিবেশ সৃষ্টি করা যেটা ছাত্রছাত্রীদের শিখতে হবে এবং তাদের জটিল ভাবনাগুলোকে উন্নত করবে ও তাদেরকে স্বাধীন ও মুক্তভাবনার অধিকারী করে তুলবে।

এই বিভাগটি শিক্ষা, গবেষণা, সৃজনশীলতা, উদ্ভাবনী শক্তি ইত্যাদির মাধ্যমে শিক্ষার্থীদের নবচেতনায় উদ্বুদ্ধ করে। কর্মক্ষেত্রে তাদের যোগ্য করে তোলে। এবং এর মধ্য দিয়ে একটি পরিবর্তনমূলক সমাজ কাঠামো নির্ণয়ের প্রত্যয় পোষণ করে যা দেশ ও জাতির উন্নতি ও কল্যাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

গুণগতমানের শিক্ষাদান করতে সবচেয়ে কার্যকরি ব্যবস্থার মাধ্যমে স্নাতকধারীদের পেশাগতভাবে দক্ষ, নৈতিকভাবে ন্যায়পরায়ণ এবং সামাজিকভাবে দায়িত্ববান করে তোলা।

বিশ্ববিদ্যালয়ের সাহিত্য বিষয়ক একমাত্র মুখপত্র এইউবি সাহিত্য পত্রিকা নিয়মিত প্রকাশিত হয় বাংলা বিভাগ থেকে। এই পত্রিকাটি পুরো বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ভেতরে পড়াশুনার পাশাপাশি সৃষ্টিশীল ও সৃজনশীল মন ও মনন জাগ্রত করার লক্ষ্যে প্রতিশ্রুতিবদ্ধ হয়ে প্রকাশ হয়ে থাকে।

কর্মক্ষেত্রে সফলতার স্বাক্ষর রাখার জন্য প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি নানারকম সহ-শিক্ষা কার্যক্রম নিয়মিত পালন করা হয় এই বিভাগে। যার মধ্যে রয়েছে সেমিনার, দেয়ালপত্রিকা প্রকাশ, সাহিত্য পত্রিকা প্রকাশ, সাহিত্য জগতের পথিকৃত ব্যক্তিদের উপর আলোচনা অনুষ্ঠান, তাঁদের জন্ম ও মৃত্যু দিবস পালন, নবীনবরণ, বিদায় অনুষ্ঠান, সাহিত্যের নানা ক্ষেত্রে অবদান রাখা শিক্ষার্থীদের সম্মাননা প্রদান, শিক্ষাসফর ইত্যাদি।

## ২. বাংলায় স্নাতক সম্মান প্রোগ্রামের জন্য প্রয়োজন **(ENTRY REQUIREMENTS)**

বাংলায় স্নাতক সম্মান প্রোগ্রামে ভর্তির জন্য একজন শিক্ষার্থীর সর্বনিম্ন যোগ্যতা: এসএসসি, এইচএসসি অথবা সমমানের পাবলিক পরীক্ষায় উত্তির্ণ হতে হবে ।

### ৩. ভর্তির যোগ্যতা ( ADMISSION REQUIREMENTS)

বাংলায় স্নাতক সম্মান প্রোগ্রামে ভর্তির জন্য একজন শিক্ষার্থীর সর্বনিম্ন যোগ্যতাঃ এসএসসি CGPA 2.5; এইচএসসি CGPA 2.5 **অথবা সমমানের পাবলিক পরীক্ষায় সমমানের যোগ্যতা সম্পন্ন** ।

### ৪. বাংলায় স্নাতক সম্মানডিগ্রী অর্জনের প্রয়োজন (GRADUATION REQUIREMENTS)

চার বছরে সম্পন্ন হবে অনার্স কোর্স। স্নাতক সম্মান-এর ক্ষেত্রে রেজিস্ট্রেশনের মেয়াদকাল সাত বছর। ভর্তির পর থেকে এ সময়ের মধ্যে শিক্ষার্থীগণ কোর্স সম্পন্ন করতে পারবেন। প্রতি ছয়মাসে একটি সেমিস্টার গণনা করা হবে। সেই হিসেবে বছরে দুইটি সেমিস্টারে শিক্ষার্থী ভর্তি হবে। চার বছরে মোট ৮টি সেমিস্টার।(১) স্প্রিং সেমিস্টার (জানুয়ারি-জুন), (২) সামার সেমিস্টার (জুলাই- ডিসেম্বর)। **প্রতি** সেমিস্টারে ১৪ সপ্তাহ ক্লাস অনুষ্ঠিত হবে। সর্বনিম্ন **১৪৪** ক্রেডিট সম্পন্ন করতে হবে একজন শিক্ষার্থীকে। একজন শিক্ষার্থী **প্রতি** সেমিস্টারে সর্বমোট ২৭ ক্রেডিট রেজিস্ট্রেশন করতে পারবে। সার্টিফিকেট প্রাপ্তির জন্য প্রতিটি কোর্সে সর্বনিম্ন CGPA 2.25 থাকতে হবে। স্নাতক সম্মান-এর ক্ষেত্রে রেজিস্ট্রেশনের মেয়াদকাল সাত বছর। D গ্রেড এবং F গ্রেড গ্রেড অর্জনকারীদের অবশ্যই পুনঃপরীক্ষার মাধ্যমে উত্তীর্ণ হতে হবে। C গ্রেড অর্জনকারীগণও পুনঃপরীক্ষার মাধ্যমে মানোন্নয়নের সুযোগ পাবেন। উল্লেখ্য, এক্ষেত্রে এ সুযোগ রেজিস্ট্রেশনের মেয়াদকালের মধ্যে সীমাবদ্ধ।

### ৫. WORKLOAD

একজন শিক্ষার্থী **প্রতি** সেমিস্টারে সর্বমোট ২৭ ক্রেডিট রেজিস্ট্রেশন করতে পারবে।

### 7. কোর্সের বিভাজন (DISTRIBUTION OF COURSES)

#### ক. **জেনারেল কোর্স -১২টি (৩৬** ক্রেডিট)

0312-2210: Bangladesh Studies
022-2410: History of Emergence of Bangladesh
0311- 2308: Comparative Economic System
0312- 1208: Comparative Political System
0223- 1207: Islamic Ethics
0421-4845:Comparative Legal System
0314- 1103: Comparative Social System
0413- 1201: Principles of Menagement
0412-4129 :Interest Free Baking
061-1101 : Basics of Computers
232-1004 :Intensive English Language I
0222-1105 :Islamic History

**খ, মূল কোর্স ২৬টি (CORE COURSES) (৭৮** ক্রেডিট)

0231-1001: বাংলা ভাষা ও সাহিত্য
0231-1102 : বাংলা সাহিত্যের ইতিহাস-১
0231-1103: প্রাচীন ও আদি মধ্যযুগের বাংলা সাহিত্য
0231-1104:মধ্যযুগের বাংলা সাহিত্য-১
0231-1105: মধ্যযুগের বাংলা সাহিত্য-২
0231-1206: মধ্যযুগের বাংলা সাহিত্য-৩
0231-1207:মধ্যযুগের বাংলা সাহিত্য-৪
0231-1209: বাংলা লোকসাহিত্য
0231-1210:**পান্ডুলিপি পাঠ ও সম্পাদনা**
0231-2311: বাংলা সাহিত্যের ইতিহাস- ২
0231-2312: আধুনিক বাংলা মহাকাব্য
0231-2313: আধুনিক বাংলা কবিতা-১
0231-2314: আধুনিক বাংলা কবিতা ২
0231-2416: আধুনিক বাংলা কবিতা-৪
0231-2418: আধুনিক বাংলা কথাসাহিত্য -১
0231-2419:আধুনিক বাংলা কথাসাহিত্য -২
0231-3522: বাংলা নাটক -১
0231-3523: বাংলা নাটক - ২
0231-3626: রূপতত্ত্ব, রসতত্ত্ব, ছন্দ, অলঙ্কার, সাহিত্যতত্ত্ব ও নন্দনতত্ত্ব
0231-3628 :**ভাষাবিজ্ঞান**
0231-3630 :**ধ্বনিবিজ্ঞান**
0231-4731 : বাংলা **ব্যাকরণ**
0231-4736 : বাংলা ভ্রমণ সাহিত্য
0231-4737 : বাংলাদেশের ছোটগল্প ১
0231-4740 : বাংলাদেশের মুক্তিযুদ্ধের সাহিত্য ১
0231-4742 :সাহিত্য গবেষণা, তত্ত্ব ও প্রয়োগ

৪. ঐচ্ছিক কোর্স (যে কোন ৮টি-২৪ ক্রেডিট) (**ELECTIVE COURSES)**

0231-1101: বাংলাদেশের ইতিহাস
0231-1208: মধ্যযুগের বাংলা সাহিত্য-৫
0231-2315: আধুনিক বাংলা কবিতা-৩
0231-2417:**আধুনিক বাংলা কবিতা-৫**
0231-2420: আধুনিক বাংলা কথাসাহিত্য -৩
0231-3521: আধুনিক বাংলা কথাসাহিত্য-৪
0231-3524: অনুবাদে বিশ্বসাহিত্য
0231-3525: **আধুনিক বাংলা প্রবন্ধ**
0231-3629: বর্ণনামূলক **ভাষাবিজ্ঞান**
0231-4734: বাংলাদেশের সাহিত্য-১

0231-4735 : বাংলাদেশের সাহিত্য-২
0231-4738: বাংলাদেশের শিশুসাহিত্য
0231-5312 : অনুবাদ
0311-3514 :BangladeshEconomy
0311-1105 :Basics of Economics
0312-1101 :Introduction to Political Science
0312-3623: Political Development in Bangladesh
0222-5212 : Socio-Economic and cultural History of Bengal (1200-1765CE)
0312-1101 :Introduction to Political Science
0223-1101 :Introduction to Islam

ঘ. গবেষণা **কোর্স : ৬** ক্রেডিট

1. 0231-4801 :গবেষণা **:(১টি কোর্স =** ৬ ক্রেডিট)

**Courses Objectives:** Program: Ba (Hons) in Bangla

কোর্স কোড : 0231-1001
কোর্স শিরোনাম : বাংলা ভাষা ও সাহিত্য
কোর্সটি পাঠের উদ্দেশ্য :
বাংলা ভাষা ও সাহিত্যের উদ্ভব ও ক্রমবিকাশ, ক্রমবিবর্তন, পরিবর্তন, আধুনিকায়ন, উত্তরাধুনিকায়ন ইত্যাদি সম্পর্কে একটি ধারাবাহিক এবং সুস্পষ্ট ধারণা প্রদানের চেষ্টা করা হয়েছে এ কোর্সটিতে। এছাড়া বাংলা ভাষা ও সাহিত্যের উপর্যুক্ত ইতিহাস তুলে ধরার প্রয়াসে বাংলা ভাষা ও সাহিত্য সম্পর্কেপ্রাচীন ও মধ্যযুগের বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য, বাংলা ভাষার বিবর্তন ও সাম্প্রতিক বৈশিষ্ট্য,বাংলা ভাষায় অন্যান্য ভাষার প্রভাব, প্রাচীনযুগের সাহিত্য, মধ্যযুগের সাহিত্য, আধুনিক যুগের সাহিত্য সম্পর্কে আলোচনা করা হয়েছে।

কোর্স কোড : 0231-1102
কোর্স শিরোনাম : বাংলা সাহিত্যের ইতিহাস- **১**
কোর্সটি পাঠের উদ্দেশ্য :
বাংলা সাহিত্যের উৎপত্তি, বিকাশ, ক্রমবিবর্তন, পরিবর্তন, আধুনিকায়ন ইত্যাদি সম্পর্কে এ কোর্সটিতে আলোকপাত করা হবে।প্রাচীন যুগের সাহিত্যকর্মের প্রধান বৈশিষ্ট্য ছিলো সামাজিক জীবন, মধ্যযুগে ধর্মকে কেন্দ্র করে সাহিত্যকর্ম রচনা করা হয়েছে এবং আধুনিক যুগে সাহিত্যিকগণ হয়ে উঠেছেন মানবিক ও জীবন ঘনিষ্ঠ। কোর্সটিতে এসব বিষয়ের বিষদ আলোচনা করা হয়েছে।

কোর্স কোড : 0231-1103
কোর্স শিরোনাম :প্রাচীন ও আদি মধ্যযুগের বাংলা সাহিত্য
কোর্সটি পাঠের উদ্দেশ্য :

বাংলা সাহিত্যের ক্রমবর্ধমান বিকশিত ধারার গোড়ার কথা লিপিবদ্ধ রয়েছে প্রাচীন ও আদি মধ্যযুগের বাংলা সাহিত্যে। সমকালীন সামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক অনুষঙ্গের সাথেও ওতপ্রোতভাবে জড়িয়ে আছে সে সময়ের সাহিত্য। এই কোর্স পাঠে প্রাচীন ও আদি মধ্যযুগের সাহিত্য সম্পর্কে জ্ঞানার্জন করা যাবে।

কোর্স কোড : 0231-1104

কোর্স শিরোনাম :মধ্যযুগের বাংলা সাহিত্য-১

কোর্সটি পাঠের উদ্দেশ্য :

বাংলা সাহিত্যের মধ্যযুগের অমূল্য সম্পদ বৈষ্ণব পদাবলি। রাধা কৃষ্ণের প্রেম-লীলা সংক্রান্ত এই রসোদ্দীপক কবিতা পাঠে শ্রী চৈতন্যদেব প্রচারিত বৈষ্ণব ধর্মমত সম্পর্কে জ্ঞানার্জনের পাশাপাশি রাধা ও শ্রীকৃষ্ণের রূপাশ্রয়ে ভক্ত এবং ভগবানের নিত্য বিরহ মিলনের অপরূপ আধ্যাত্মিক লীলা বিষয়ে কোর্সটিতে এসব বিষয়ের বিষদ আলোচনা করা হয়েছে। যা থেকে শিক্ষার্থীরা বৈষ্ণব পদাবলি সম্পর্কে সুস্পষ্ট ধারণা লাভ করতে পারবে।

কোর্স কোড : 0231-1105

কোর্স শিরোনাম :মধ্যযুগের বাংলা সাহিত্য

কোর্সটি পাঠের উদ্দেশ্য :

মঙ্গলকাব্য বাংলা সাহিত্যের মধ্যযুগের একটি স্বতন্ত্র সাহিত্য ধারা। সম্পূর্ণ রূপে দেবদেবী নির্ভর এই অধ্যায়টিতে হিন্দুদের বিভিন্ন পৌরানিক কাহিনীর সাথে মধ্যযুগীয় ভারতবর্ষের আর্থ-সামাজিক জীবনের নানা অনুষঙ্গ মিশে আছে। কবি কঙ্কন মুকুন্দরাম চক্রবর্তীর চন্ডীমমঙ্গল, ভারতচন্দ্র রায় গুণাকরের *অন্নদামঙ্গল*, বিজয়গুপ্তের *মনসামঙ্গল*, রূপরাম চক্রবর্তীর *ধর্মমঙ্গল* মধ্যযুগের মঙ্গলকাব্য ধারার উলেণ্টখযোগ্য সাহিত্য সম্পদ। বাংলা মঙ্গলকাব্যের বিভিন্ন কাহিনী বাংলার সামাজিক অবস্থা হতে উদ্ভূত হলেও কালক্রমে তা শিক্ষিত হিন্দু সমাজের অনুশীলনের বিষয় হওয়ার ফলে তাদের উপর সংস্কৃত পুরাণগুলোর প্রভাব দুর্নিবার হয়ে উঠে। ফলে মঙ্গলকাব্যগুলো আট দিন, বার দিন বা এক মাসব্যাপী গীত হবার একটা বিশেষ রীতি অবলম্বন করে। প্রত্যেক মঙ্গলকাব্য দেবখণ্ড ও নরখণ্ড অর্থাৎ পুরাণ ও কাব্য পরস্পর স্বাতন্ত্র্য রক্ষা করে নির্মিত। মঙ্গল কাব্যের প্রত্যেক দেবতাই একান্ত অনিচ্ছুক ভক্তের কাছ থেকে জোরপূর্বক পূজা আদায় করে। স্বেচ্ছাপ্রণোদিত হয়ে তাদের পূজা দেয় না। প্রত্যেক মঙ্গলকাব্যের দেবতা স্বতন্ত্র। কোনো কোনো মঙ্গলকাব্যের দেবতা কাব্যের নায়কের সাথে বিরোধিতা করে নিজেকে প্রতিষ্ঠিত করে। আবার কোনো কোনো দেবতার সাথে নায়কের কোনো বিরোধ নেই। বরং দেবতার আশির্বাদ ও সহায়তাই তাদের জীবনে সফলতা আনে। কোর্সটিতে এসব বিষয়ের বিষদ আলোচনা করা হবে। যা মঙ্গলকাব্যের এসব ধারা সম্পর্কে জ্ঞানার্জন করা যাবে এই কোর্স পাঠে।

কোর্স কোড : 0231-1206

কোর্স শিরোনাম :মধ্যযুগের বাংলা সাহিত্য-৩

কোর্সটি পাঠের উদ্দেশ্য :

মধ্যযুগের সাহিত্যের বিশিষ্টতা, ক্রমবিবর্তন ও পরিবর্তনের ধারায় অনুবাদ সাহিত্য, জীবনী সাহিত্য একটি বিশেষ স্থান দখল করে আছে। অনুবাদ সাহিত্য, জীবনী সাহিত্যের উদ্ভব, বিকাশ এবং সমকালীন জীবনাচরণ সম্পর্কে জ্ঞানার্জন করা যাবে এই কোর্স পাঠে।

কোর্স কোড : 0231-1207
কোর্স শিরোনাম :মধ্যযুগের বাংলা সাহিত্য-৪
কোর্সটি পাঠের উদ্দেশ্য :
মধ্যযুগীয় বাংলা সাহিত্যে মুসলমান কবিদের অনন্য অবদান রোমান্টিক প্রণয়োপাখ্যান। ফারসি ও হিন্দি সাহিত্যের উৎস থেকে উপকরণ নিয়ে রচিত এসব অনুবাদমূলক প্রণয়কাব্যে মধ্যযুগীয় মুসলমান কবিদের পাণ্ডিত্য, স্বকীয়তা এবং মানবীয় প্রণয় কাহিনী রচনার ক্ষেত্রে তাঁদের পারঙ্গমতা সম্পর্কে ধারণা লাভ করতে সক্ষম হবেএই কোর্স থেকে।

কোর্স কোড : 0231-1208
কোর্স শিরোনাম :মধ্যযুগেরবাংলাসাহিত্য-৫
কোর্সটি পাঠের উদ্দেশ্য :
মধ্যযুগেরবাংলাসাহিত্যে একটিবিশেষ স্থান দখলকরেআছেরসুলবিজয়, শ্রী কৃষ্ণবিজয়। বাংলাসাহিত্যেরশিক্ষার্থীদের এ সম্পর্কে সুস্পষ্টজ্ঞানার্জনকরতেহলে এ কোর্সটিপাঠকরতেহবে।

কোর্স কোড :0231-1209
কোর্স শিরোনাম :বাংলা লোকসাহিত্য
কোর্সটি পাঠের উদ্দেশ্য :
বাংলা সাহিত্যের প্রাচীনতম এবং অন্যতম বিশিষ্ট একটি শাখা লোকসাহিত্য। মূলত লোকসাহিত্য কী, লোকসাহিত্যের উৎপত্তি, বিকাশ সম্পর্কে জ্ঞানার্জন এই কোর্সটির মূল উদ্দেশ্য। এছাড়া, লোকসাহিত্যের মধ্য দিয়ে তৎকালীন গ্রামবাংলার সামাজিক অবস্থা সম্পর্কে জ্ঞানার্জন এবং বাঙালির প্রচীন ইতিহাস- ঐতিহ্য ও সংস্কৃতি সম্পর্কেও ধারণা লাভ করা যাবে এই কোর্স পাঠের মধ্য দিয়ে।

কোর্স কোড : 0231-1210
কোর্স শিরোনাম :**পাণ্ডুলিপি পাঠ ও সম্পাদনা**
কোর্সটি পাঠের উদ্দেশ্য :
**পাণ্ডুলিপি পাঠ ও পাঠ-সম্পাদনা মূলত প্রাচীন ও মধ্যযুগের কবিদের রচিত পাণ্ডুলিপির পাঠ উদ্ধার ও ভাষিক বিশ্লেষণকে কেন্দ্র করেই গড়ে উঠেছে।** এ কোর্সটি পাঠের মাধ্যমে শিক্ষার্থীরা বাংলা ভাষা ও সাহিত্যের অতীত ইতিহাস, বাংলা ভাষা-রীতির বিবর্তন, বাংলা লিপির উদ্ভব ও ক্রমবিকাশ, **পাণ্ডুলিপি পাঠ ও পাঠ-সম্পাদনাসহ** নিজেদের ঐতিহ্য সম্পর্কে জানতে পারবে।

কোর্স কোড : 0231-2311

কোর্স শিরোনাম :বাংলা সাহিত্যের ইতিহাস- ২

কোর্সটি পাঠের উদ্দেশ্য :

আধুনিক বাংলা সাহিত্যের বিভিন্ন ধারার রূপ ও আঙ্গিক গঠন সম্পর্কে জানা, বাংলা সাহিত্যের বিকাশে আধুনিক যুগের ভূমিকা, বাংলা সাহিত্যের আধুনিক যুগের বিভিন্ন ধারার উদ্ভব ও ক্রমবিকাশ সংক্রান্ত জ্ঞানার্জন ও আধুনিক যুগের সাহিত্যে অগ্রণী ভূমিকা পালনকারী সাহিত্যিকদের সম্পর্কে জ্ঞানলাভ করা।

কোর্স কোড : 0231-2312

কোর্স শিরোনাম : আধুনিক বাংলা মহাকাব্য

কোর্সটি পাঠের উদ্দেশ্য :

'মহাকাব্য' বাংলা সাহিত্যের এক অনন্য সৃষ্টি। মহাকাব্য হচ্ছে দীর্ঘ ও বিস্তৃত কবিতা বিশেষ। সাধারণত দেশ কিংবা সংস্কৃতির বীরত্ব গাঁথা এবং ঘটনাক্রমের বিস্তৃত বিবরণ এতে পুঙ্খানুপুঙ্খভাবে তুলে ধরা হয়। মাইকেল মধুসূদন দত্ত তাঁর 'মেঘনাদবধ' কাব্যে অতি আশ্চার্যজনকভাবে নির্মাণ কুশলতা গুণে মহাকাব্যোচিত কাব্য বিগ্রহ সৃষ্টি করেছেন। 'মেঘনাদবধ কাব্য' মহাকাব্যোচিত হলেও, এর প্রাণ নন্দিনী সম্পূর্ণ রোমান্টিক এবং মধুসূদন এ কাব্যে জীবনের জয়গান করেছেন, তা বীর রসের নয় কারুণ্যের। উপনিবেশিক শাসনামলে জাতীয়তাবাদী চেতনার আলোকে কবি হিন্দু-মুসলিম দুই জাতির বীরত্ব গাথাঁ রচনা করেছেন কায়কোবাদ তাঁর 'মহাশ্মশান' মহাকাব্যে। এ কোর্সটিতে এসব বিষয় ও তত্ত্ব সম্পর্কে আলোকপাত করা হবে। যা থেকে শিক্ষার্থীরা বাংলা সাহিত্যেরমধ্যযুগ সম্পর্কে সুস্পষ্ট ধারণা লাভ করতে পারবে।

কোর্স কোড : 0231-2313

কোর্স শিরোনাম :আধুনিকবাংলা কবিতা-১

কোর্সটি পাঠের উদ্দেশ্য :

বাংলাসাহিত্যেরআধুনিকযুগেরউন্মেষপর্বে গীতিকবিতার যে জাগরণ ঘটেছে তামূলতবিহারীলালচক্রবর্তী, ঈশ্বরচন্দ্র গুপ্তেরহাতেই ঘটেছে। মধ্যযুগের দেবদেবীএবং রোমান্টিকতার বন্দনা থেকে মুক্ত করেগীতিকবিতাকেনতুররূপে দাঁড়করিয়েছেনতাঁরা। কাজেইআধুনিকবাংলাগীতিকবিতার জগতে এই অধ্যায়টিরএকটি স্বতন্ত্র অবস্থানরয়েছে। এ সম্পর্কে একটি স্পষ্টধারণাপ্রদানেরউদ্দেশ্যে এ অধ্যায়টিরঅবতারণাকরাহয়েছে।

কোর্স কোড : 0231-2314

কোর্স শিরোনাম :আধুনিক বাংলা কবিতা ২

কোর্সটি পাঠের উদ্দেশ্য :

আধুনিক বাংলা কাব্যসাহিত্যে রবীন্দ্রনাথ ঠাকুর একজন প্রবাদ পুরুষ এবং কালজয়ী কবি। কাব্যসাহিত্যে রবীন্দ্রনাথ ঠাকুরের অবস্থান, অবদান ও প্রাসঙ্গিক বিষয় সম্পর্কে জ্ঞানার্জনসহ তাঁর কাব্যের ভাব, ভাষা, বিষয়বস্তু, জীবন দর্শন ইত্যাদি সম্পর্কে জ্ঞানলাভ ও পাশাপাশি বাংলা সাহিত্যের কিংবদন্তি পুরুষ বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর এর ব্যক্তিজীবন ও কাব্যজগত সম্পর্কে জ্ঞানলাভ করা যাবে এই কোর্স পাঠে।

কোর্স কোড : 0231-2315
কোর্স শিরোনাম :আধুনিকবাংলা কবিতা-৩
কোর্সটি পাঠের উদ্দেশ্য :
আধুনিকবাংলাকাব্য সাহিত্যকে ভেঙ্গেচুড়ে নতুনরুপ দানকরেছেনকাজীনজরুলইসলাম। উপমহাদেশের চরম ক্রান্তিকালে বিদ্রোহেরঝাণ্ডাউড়িয়েছেন শোষকেরবিরুদ্ধে। ‘দুখুমিয়া থেকে জাতীয়কবিকাজীনজরুলইসলাম’- নজরুলইসলামের এই বৈচিত্র্যময় জীবন, তাঁর রচিত সাহিত্যকর্ম এবং যেসব বিষয় তাঁকে জাতীয় কবি অভিধায় অভিহিত করেছে সে সব সম্পর্কে জ্ঞানার্জন করা যাবে এই কোর্স পাঠে।

কোর্স কোড : 0231-2416
কোর্স শিরোনাম :আধুনিক বাংলা কবিতা- ৪
কোর্সটি পাঠের উদ্দেশ্য :
আধুনিক বাংলা কবিতার কবিদের সমাজের প্রতি দায়বদ্ধতা, কাব্য চেতনাবোধ, মন মননসহ তাঁদের কাব্যের বিষয়বস্তু, শৈলী, অবদান ও শিল্পমূল্য সম্পর্কে জ্ঞান লাভ করা সম্ভব হবে কোর্স পাঠে।

কোর্স কোড : 0231-2417
কোর্স শিরোনাম : **আধুনিক বাংলা কবিতা-৫**
কোর্সটি পাঠের উদ্দেশ্য :
আধুনিক বাংলা কবিদের কবিতার ধারা একটি বিশেষ তাৎপর্যে প্রবাহিত।আধুনিক বাংলা কবিদের কবিতার এই বিশেষ ধারা, কবিতার বিষয়বস্তু, শৈলী, তাঁদের অবদান ও তাঁদের সাহিত্যকর্মের শিল্পমূল্য সম্পর্কে জানা খুবই জরুরী। এসব সম্পর্কে সুস্পষ্ট জ্ঞানলাভ করা যাবে এই কোর্স থেকে।

কোর্স কোড : 0231-2418
কোর্স শিরোনাম :আধুনিক বাংলা কথাসাহিত্য -১
কোর্সটি পাঠের উদ্দেশ্য :
আধুনিক বাংলা সাহিত্যের একটি বিশেষ ধারা কথাসাহিত্য। যা পাঠককে বাস্তব এবং কল্পনার সংমিশ্রনে এক বিশেষ স্বাদ দান করে। উপন্যাস কথাসাহিত্যের একটি ধারা। কথাসাহিত্য এবং উপন্যাস সম্পর্কিত জ্ঞানলাভসহ উপর্যুক্ত ঔপন্যাসিকদের জীবনদর্শন, সমকালীন সমাজচিন্তা এবং তাঁদের উপন্যাসের ধারা, বিষয়বস্তু, শৈলী ও শিল্পমূল্য সম্পর্কে জ্ঞানলাভ করা যাবে এই কোর্স থেকে।

কোর্স কোড : 0231-2419
কোর্স শিরোনাম : আধুনিক বাংলা কথাসাহিত্য -২
কোর্সটি পাঠের উদ্দেশ্য :

আধুনিক বাংলা কথাসাহিত্যের একটি অন্যতম ধারা ছোটগল্প। জীবনের খণ্ড খণ্ড চিত্র নিয়ে বাস্তব এবং কল্পনার সংমিশ্রনে পাঠকের মনে তৈরী করে সম্মোহনীয় আবেশ। ছোটগল্পের সংগা, উদ্ভব ও বিকাশ ছাড়াও উপর্যুক্ত লেখকদের জীবনদর্শন, সমকালীন সমাজচিন্তা এবং তাঁদের ছোটগল্পের ধারা, বিষয়বস্তু, শৈলী ও শিল্পমূল্য সম্পর্কে জ্ঞানলাভ করা যাবে এই কোর্স থেকে।

কোর্স কোড : 0231-2420
কোর্স শিরোনাম :আধুনিকবাংলাকথাসাহিত্য -৩
কোর্সটি পাঠের উদ্দেশ্য :
